দৈনিক বাংলা

তারিখ 27 DEC 1987
পৃষ্ঠা 7 কলাম 4

12

# কৃষি বিশ্ববিদ্যালয়ের চিঠি—

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ, ২৫শে ডিসেম্বর। —বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অবিলম্বে বিশ্ববিদ্যালয়সমূহ খুলে দেওয়ার দাবী জানিয়েছেন। শতাধিক ছাত্র-ছাত্রী এক বিবৃতিতে বলেন, এখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ থাকা সত্ত্বেও সরকার এ বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিয়েছেন।

o o o

কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এই বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের গ্রেফতার ও নির্যাতনের নিন্দা করেছেন। তারা আটককৃত ছাত্রসহ সকল রাজবন্দীর মুক্তির দাবী জানান।

o o o

কৃষি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি বিবিসির উপর আরোপিত নিষেধাজ্ঞা তুলে নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। সমিতির নেতৃবৃন্দ গ্রেফতারকৃত সাংবাদিক, রাজনীতিবিদ ও ছাত্রদের মুক্তি দানের জন্যও সরকারের কাছে দাবী করেছেন।

o o

কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠীর শিল্পীবৃন্দ এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামের নির্মাণ কাজ শেষ করে অবিলম্বে তা চালু করার দাবী জানিয়েছেন। তাঁরা বলেন, প্রায় ২০ বছর পূর্বে এই অডিটোরিয়ামের নির্মাণ কাজ হাতে নেওয়া হয়। কিন্তু এখনো শেষ হয়নি।

o o o

কৃষি বিশ্ববিদ্যালয়, পশু পালন ছাত্র সমিতি উপজেলা পর্যায়ে প্রস্তাবিত এ্যানিমেল হাসবেন্ড্রী অফিসার (এইচও) পদের বাস্তবায়ন দাবী করেছেন। তারা বলেন, কৃষিমন্ত্রীর রিপোর্টে এই পদটির উল্লেখ করা হয়েছে। উক্ত রিপোর্ট বাস্তবায়ন করা হয়নি। তাতে এক দিকে বিপুল সংখ্যক পশুপালন গ্রাজুয়েট বেকার অপর দিকে প্রয়োজনীয় তৎপরতার অভাব দেশের পশু সম্পদ হ্রাস পাচ্ছে।